

স্মারক নম্বরঃ ৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.২৫- ১৮-১৮


তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫খ্রি.

বিষয়: ২০২৬ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ ও অনলাইনে চালান ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা।

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৯১.০৮.০০৬.০৩(অংশ)-৬৮৮; তারিখঃ ১৬.১১.২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মুদ্রণকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ২০২৬শিক্ষাবর্ষের ইবতেদায়ী, মাধ্যমিক (বাংলা ও ইংরেজি ভাষা), দাখিল, এসএসসি ও দাখিল ভোকেশনাল এবং কারিগরি (ট্রেড) স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণপূর্বক সরবরাহ শুরু হয়েছে। সূত্রোক্ত সভার নির্দেশনার প্রেক্ষিতে শিক্ষার্থীদের নিকট যথাসময়ে মানসম্মত পাঠ্যপুস্তক পৌঁছে দেয়ার লক্ষ্যে এবং পাঠ্যপুস্তক গ্রহণ/বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে নিম্নোক্ত নির্দেশনাগুলো অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. জেলা/উপজেলা/থানায় এনসিটিবি'র নির্ধারিত টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী মুদ্রণ প্রতিষ্ঠান হতে পাঠ্যপুস্তকসমূহ বুকে নেয়া।
২. সরবরাহকৃত পাঠ্যপুস্তক গ্রহণের পর <https://nctb.ihealthscreen.org> ঠিকানায় "পাঠ্যপুস্তক গ্রহণ/বিতরণ সিস্টেম"-এ প্রবেশ করে মেনুবারের 'Chalan Management'-এর প্রযোজ্য স্থানে ক্লিক করে জেলা/উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তার বিদ্যমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে অনলাইনে পাঠ্যপুস্তকের চালানের অনুমোদন দিতে হবে।
৩. পাঠ্যপুস্তক গ্রহণের পর দ্রুততম সময়ে অনলাইনে চালানের অনুমোদন দিতে হবে।
৪. সাপ্তাহিক ছুটির দিনগুলোতেও পাঠ্যপুস্তক সরবরাহ ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।
৫. প্রত্যেক জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার নিজ নিজ ইউজার একাউন্টে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের নাম, মোবাইল নম্বর ও স্বাক্ষর হালনাগাদ করে আপলোড করবেন।



(এস. এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
Email: addshesecondary1@gmail.com &

বিতরণ

১. জেলা শিক্ষা অফিসার (সকল);
২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)

স্মারক নম্বরঃ ৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.২৫- ১৮-১৮(০৮)

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক (সকল)।
- ০৪। আঞ্চলিক উপপরিচালক (সকল)।
- ০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৭। পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৮। সংরক্ষণ নথি।



(এস. এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
Email: addshesecondary1@gmail.com &